

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ১৭, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পশ্চীম উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই জানুয়ারী ২০০১/৪ষ্ঠা মাঘ ১৪০৭

এস, আর, ও নং ১৩-আইন/২০০১—যেহেতু সরকার অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং-২৭৬-আইন/২০০০, তারিখ ১১ই সেপ্টেম্বর, ২০০০ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উন্নিখ্যিত, এবং rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য বরিশাল জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার একই প্রতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর rule 4 (2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(১৩১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a) -তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মৌজাবেক সরকার এতদ্বারা নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১২ মাঘ, ১৪০৭ বাংলা/২৫-০১-২০০১ইং তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) কার্যকরতাসহ একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; যাহা মূলাদি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নং
১	২	৩	৪
মূলাদী	বড় মাধবরামেরচর	৭৫	০১—১৪৯৩
	ইকর খোলা	৯৫	০১—৩৫৩
	মূলাদী	৭২	০১—৬৬০
	তেরচর	৭১	০১—৪৬৩০
	পশ্চিমচর পল্লীভাঙ্গা	৭৩	০১—৪৯৯
	মহিষগুদি	৬৩	০১—৬৫৬
	চর গুদীঘাটা	৬১	০১—২৯৫
	দক্ষিণ গলুই ভাঙ্গা	৫৬	৩৬৩—৪৮২
গাজুয়া	চর ডিক্রী	৬২	০১—৩৪৬৯

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ সাখাওয়াত হোসেন
উপ-সচিব (পৌর)।